# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**বোর্ড সচিবালয়**
**পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫**
**ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩**
**ই-মেইল:** bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯-২১

তারিখ: ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## সার্কুলার

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কিছু কিছু কর্মচারীর চাকুরি বহিতে জন্ম তারিখ ঘষামাজা/কাটাকাটি থাকার কারণে কিংবা অন্য কোন কারণে জন্ম তারিখ নিশ্চিত হওয়া যায় না। ফলে কর্মচারীর পেনশন নিষ্পত্তির সময় জটিলতা দেখা দেয়। এমনকি কোন কোন ক্ষেত্রে প্রকৃত জন্ম তারিখ অনুযায়ী অবসর গ্রহণের তারিখের পরেও তারা চাকুরি করে থাকেন। এতে চাকুরি করা সত্ত্বেও তাদের এ সময় আহরিত বেতন ভাতাদি ফেরত প্রদান/সমন্বয় করতে হয়। বিষয়টি কোন ভাবেই কাম্য/গ্রহণযোগ্য নয়।

২. এরূপ অস্পষ্টতা/জটিলতা এড়ানোর লক্ষ্যে চাকুরি বহিতে যেন জন্ম তারিখ ঘষামাজা/কাটাকাটি না হয় সে বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/সংশ্লিষ্ট দপ্তর প্রধান চাকুরি বহি প্রস্তুত করার সময় প্রয়োজনীয় সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. মহাপরিচালক মহোদয়ের অনুমোদন ব্যতিরেকে কোন চাকুরির বহিতে কাটাকাটি/ঘষামাজা/পরিবর্তন/সংশোধন করা যাবে না।

৪. জন্মতারিখ কাটাকাটি/ঘষামাজা/পরিবর্তন/সংশোধন এর ক্ষেত্রে উল্লিখিত যে জন্ম তারিখটি আগে বিবেচিত হবে উক্ত তারিখের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর গ্রহণের তারিখের পূর্বেই জন্ম তারিখ/ অবসর গ্রহণের তারিখ নির্ধারণের বিষয়টি নিষ্পত্তি করতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী কর্মকর্তা/দপ্তরপ্রধান এতদ্‌সংক্রান্ত আর্থিক বিজরণসহ সকল দায়-দায়িত্ব বহন করবেন।

৫. বর্ণিত অবস্থায় বোর্ডের সকল নিয়ন্ত্রনকারী কর্মকর্তা/দপ্তর প্রধানগণকে তার অধীন কর্মচারীদের চাকুরি বহিতে আনুষঙ্গিক তথ্য/ প্রমাণকের ভিত্তিতে যথাযথভাবে যাচাই-বাচাই করত: এ বিষয়ে যথাসময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.২৩.০২৯.১৯-২১

**অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):**

১. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো........।
২. নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা,বাপাউবো,ঢাকা।
৩. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প-পরিচালক (সকল),বাপাউবো,...........।
৪. চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো.......।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো,
৮. অফিস কপি